

ঘুড়ি ওড়ালেন আনিসুল হক

প্রকাশিত: ০২:২৯ পিএম, ১৪ এপ্রিল ২০১৭



বাংলা নববর্ষ উপলক্ষে ঘুড়ি ওড়ালেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। শুক্রবার বিকেলে রাজধানীর তিনশ' ফুট রাস্তা সংলগ্ন নিলা বাজারে নিজে ঘুড়ি উড়িয়ে 'ঘুড়ি উৎসব' -এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ঘুড়ি উৎসবকে কেন্দ্র করে সকাল থেকেই নানা আয়োজনে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা। বাংলা খাবার উৎসব, শ্রেষ্ঠ বৈশাখী যুগল নির্বাচন এবং বৈশাখী সেলফি প্রতিযোগিতায় ভিড় জমে উৎসুক দর্শনার্থীদের।



মেয়র আনিসুল হক ঘুড়ি উৎসব উদ্বোধন করতে এসে নাটাই হাতে উচ্ছ্বাসিত হয়ে ওঠেন। এ সময় নানা রঙের ও নানা আকৃতির ঘুড়িতে এক বর্ণিল পরিবেশের সৃষ্টি হয়।

পরে দর্শনার্থীদের উদ্দেশ্যে মেয়র বলেন, বাঙালির ঐতিহ্য রক্ষায় আমাদের সকলকে সচেষ্টি হতে হবে। না হলে এক সময় আমাদের পরবর্তী প্রজন্ম নিজেদের জাতীয় পরিচয় দিতে ভুল করবেন।

উত্তর সিটি কর্পোরেশন এবং এস ক্রিয়েশনের যৌথ উদ্যোগে আয়োজিত এ উৎসবে অন্যান্যের মধ্যে সংসদ সদস্য বীরপ্রতিক গাজী গোলাম দস্তগীর উপস্থিত ছিলেন।